# “মাসিক সমন্বয় সভা (মার্চ-২০২১)” কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মো: আব্দুস সাত্তার সরকার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ঘোড়াঘাট, দিনাজপুর। |
| সঞ্চালনায় | : | জনাব ধ্বীরাজ সরকার, উপজেলা একাডেমিক সুপারভাইজার, ঘোড়াঘাট, দিনাজপুর। |
| অংশগ্রহণকারী | : | শিক্ষা প্রতিষ্ঠান প্রধান এবং প্রভাষক/সহকারী শিক্ষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) বৃন্দ। |
| তারিখ | : | ২৪/০৩/২০২১ খ্রিস্টাব্দ। |
| স্থান | : | উপজেলা পরিষদ অডিটোরিয়াম, ঘোড়াঘাট, দিনাজপুর। |
| সময় | : | সকাল ১১.০০ টা। |

**সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা (পরিশিষ্ট-ক দ্রষ্টব্য)**

সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভা শুরু করেন। তিনি বিস্তারিত আলোচনার পূর্বে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং বাংলাদেশের স্বাধীনতার ৫০ বছর পূর্তিতে সকল বীর মুক্তিযোদ্ধাদের আত্মত্যাগের কথা স্মরণ করেন। সরকারের নির্দেশিত কর্মকান্ড সঠিকভাবে পালনের জন্য সকলকে আহবান জানান এবং আলোচ্যসূচি অনুযায়ী নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়।

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| **১। অনলাইন পাঠদান** | বর্তমানে কোভিড-১৯ পরিস্থিতির কারণে শিক্ষা প্রতিষ্ঠান গত ১৭/০৩/২০২০ খ্রি. হতে অদ্যবধি বন্ধ রয়েছে। সেই আলোকে শিক্ষার্থীদের পাঠদান কার্যক্রম সচল রাখার জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় হতে অনলাইন ক্লাস চালু রাখার সিদ্ধান্ত গ্রহণ করে। সেই মোতাবেক প্রায় সকল প্রতিষ্ঠান অনলাইন ক্লাস চালু করলেও নভেম্বর/২০২০ মাসে শিক্ষার্থীদের জন্য এ্যাসাইনমেন্ট কার্যক্রম শুরু হলে তা আবার বন্ধ হয়ে যায়। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা হতে গত ০৭/০২/২০২১ খ্রি. তারিখে স্মারক নং-৩৭.০২.০০০০. ১১৫.৫২.০০১.১৯-২১ মোতাবেক অনলাইনে ক্লাস গ্রহণ এবং তা mmc অ্যাপের মাধ্যমে (http://mmcm.gov.bd) ড্যাসবোর্ডে এন্ট্রি নিশ্চিত করতে হবে মর্মে নির্দেশনা প্রদান করে। এ বিষয়ে সকলের সাথে বিস্তারিত আলোচনা করা হয়। | **ক)** আগামী ২৭/০৩/২০২১ খ্রি. হতে নির্দিষ্ট রুটিন অনুযায়ী সকল প্রতিষ্ঠানকে অনলাইনে ক্লাস গ্রহণ করতে হবে এবং গ্রহণকৃত ক্লাস mmc অ্যাপের মাধ্যমে (http://mmcm.gov.bd) ড্যাসবোর্ডে এন্ট্রি নিশ্চিত করতে হবে। | প্রতিষ্ঠান প্রধানসহ সকল শিক্ষকবৃন্দ। |
| | | **খ)** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস mmc অ্যাপের মাধ্যমে এন্ট্রির বিষয়টি নিয়মিত মনিটরিং করবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও উপজেলা একাডেমিক সুপারভাইজার |
| **২। এ্যাসাইনমেন্ট সংক্রান্ত** | বর্তমানে কোভিড-১৯ পরিস্থিতির কারণে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকার কারণে গত ০১/১১/২০২০ খ্রি. হতে ১৫/১২/২০২০ খ্রি. পর্যন্ত ৬ষ্ঠ হতে ৯ম শ্রেণির শিক্ষার্থীদের এ্যাসাইনমেন্ট কার্যক্রম চালু ছিল। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এবং উপজেলা একাডেমিক সুপারভাইজার সকল প্রতিষ্ঠান পরিদর্শন করে এ বিষয়ে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করে। সেই আলোকে মাধ্যমিক ও সমমানের সকল প্রতিষ্ঠান সফলতার সঙ্গে এ্যাসাইনমেন্ট কার্যক্রম শেষ করায় উপস্থিত সকল প্রতিষ্ঠানকে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ধন্যবাদ জানান। গত ২০/০৩/২০২১ খ্রি. হতে পুনরায় মাধ্যমিক বিদ্যালয়ের ৬ষ্ঠ হতে ৯ম শ্রেণির শিক্ষার্থীদের এ্যাসাইনমেন্ট কার্যক্রম চালু হয়েছে। এ বিষয়ে সকলের সাথে বিস্তারিত আলোচনা করা হয়। | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা হতে জারিকৃত পরিপত্রের নির্দেশনা মোতাবেক স্বাস্থ্যবিধি অনুসরণ করে এ্যাসাইনমেন্ট বিতরণ, গ্রহণ ও মূল্যায়ন সম্পন্ন করতে হবে। | প্রতিষ্ঠান প্রধানসহ সকল শিক্ষকবৃন্দ। |
| **৩। শিক্ষক বাতায়নের সদস্য** | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, একজন শিক্ষকের পেশাগত উন্নয়নের জন্য শিক্ষক বাতায়নের সদস্য হওয়া জরুরি। কিন্তু অত্র ঘোড়াঘাট উপজেলায় বার বার নির্দেশনা দেওয়া হলেও সকল শিক্ষক এখনও শিক্ষক বাতায়নের সদস্য হতে পারেনি। স্বাধীনতার সুবর্ণজয়ন্তীতে সকল শিক্ষকের শিক্ষক বাতায়নের সদস্য হওয়ার জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা/মাদ্রাসা/কারিগরি শিক্ষা অধিদপ্তর হতে নির্দেশনা দেয়া হয়েছে। এ বিষয়ে সকলের সাথে বিস্তারিত আলোচনা করা হয়। | আগামী ০৪/০৪/২০২১ খ্রি. তারিখের মধ্যে সকল শিক্ষককে **শিক্ষক বাতায়নের সদস্য** হিসেবে অন্তর্ভূক্ত করে প্রতিষ্ঠানের প্যাডে শিক্ষকের নাম, পদবী, বাতায়নের আইডি, ই-মেইল উল্লেখ পূর্বক উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসে জমা দিতে হবে। | প্রতিষ্ঠান প্রধানসহ সকল শিক্ষকবৃন্দ। |
| **৪। কোভিড-১৯ পরিস্থিতিতে গাইড লাইন বাস্তবায়ন সংক্রান্ত** | বর্তমানে কোভিড-১৯ পরিস্থিতির কারণে শিক্ষা প্রতিষ্ঠান গত ১৭/০৩/২০২০ খ্রি. হতে অদ্যবধি বন্ধ রয়েছে। আগামী ৩০/০৩/২০২১ খ্রি. এর মধ্যে সকল প্রস্তুতি নিশ্চিত করে প্রতিষ্ঠান খুলে দেওয়ার বিষয়ে সরকার সম্মত হয়েছে। প্রতিষ্ঠান খুলে দেয়ার জন্য প্রাক প্রস্তুতি হিসেবে সরকার “নির্ধারিত গাইড লাইন” পরিপত্র আকারে জারি করেছে। প্রতিষ্ঠান প্রধানবৃন্দ জানান যে, “নির্ধারিত গাইড লাইন” অনুসরণ করে সকল প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | আগামী ৩০/০৩/২০২১ খ্রি. এর মধ্যে “নির্ধারিত গাইড লাইন” অনুসরণ সকল প্রস্তুতি সম্পন্ন করে প্রস্তুত থাকতে হবে। | প্রতিষ্ঠান প্রধানসহ সকল শিক্ষকবৃন্দ। |

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| **৫। করোনা ভাইরাসের টিকা গ্রহণ সংক্রান্ত** | শিক্ষা প্রতিষ্ঠান খুলে দেবার আগে গত ১০/০৩/২০২১ খ্রি. তারিখের মধ্যে সকল শিক্ষকগণ করোনা ভাইরাসের টিকা নেওয়ার জন্য শিক্ষা মন্ত্রণালয় হতে নির্দেশনা প্রদান করা হয়। যে সমস্ত শিক্ষকবৃন্দ টিকা নিয়েছেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার তাঁদের ধন্যবাদ জানান। | যে সমস্ত শিক্ষক এখন টিকা গ্রহণ করেননি তাঁদের আগামী ৩০/০৩/২০২১ খ্রি. তারিখের মধ্যে টিকা গ্রহণ করতে হবে। অনূর্ধ ৪০ হওয়ার কারণে যারা টিকা নিতে পারছেন না তাদের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক নির্ধারিত অনলাইনে আবেদন করতে হবে। | প্রতিষ্ঠান প্রধানসহ সকল শিক্ষকবৃন্দ। |
| **৬।ই-মেইলে বার্তা প্রেরণ সংক্রান্ত** | উপজেলা একাডেমিক সুপারভাইজার জানান যে, বেশিরভাগ শিক্ষা প্রতিষ্ঠান চাহিত তথ্যাদি ব্যক্তিগত/ব্যবসায়িক প্রতিষ্ঠানের ই-মেইল ব্যবহার করে অত্র দপ্তরের ই-মেইলে প্রেরণ করেন। প্রত্যেক প্রতিষ্ঠানের ই-মেইল থাকা সত্ত্বেও তা ব্যবহার করেন না এবং অত্র দপ্তর হতে প্রেরিত চিঠিও পড়েন না। যা কোনভাবেই কাম্য নয়। এ বিষয়ে সকলের সাথে বিস্তারিত আলোচনা করা হয়। | সকল তথ্য নিজ নিজ প্রতিষ্ঠানের ই-মেইল হতে আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে। অত্র দপ্তরের ওয়েব সাইট (seo.ghoraghat.dinajpur.gov.bd) এবং ফেসবুক পেজ দিনে অন্তত ০১ (এক) বার ভিজিট করতে হবে। | প্রতিষ্ঠান প্রধান |
| **৭। জাতীয় দিবস পালন সংক্রান্ত** | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী এবং বাংলাদেশের স্বাধীনতার ৫০ বছর পূর্তিতে ২৫ মার্চ ও ২৬ মার্চ যথাযোগ্য মর্যাদায় উদযাপনের বিষয়ে আলোচনা হয়। | শিক্ষা মন্ত্রণালয় হতে প্রেরিত পত্রের নির্দেশনা মোতাবেক জাতীয় দিবস সমূহ যথাযোগ্য মর্যাদায় উদযাপন করতে হবে। | প্রতিষ্ঠান প্রধানসহ সকল শিক্ষকবৃন্দ। |
| **৮। শিক্ষার্থীদের ইউনিক আইডি তৈরি এবং ব্যবহারকরণ সংক্রান্ত** | ব্যানবেইস কর্তৃক শিক্ষার্থীদের (৬ষ্ঠ হতে দ্বাদশ শ্রেণি পর্যন্ত) ডেটাবেজ প্রস্তুত ও ইউনিক আইডি প্রদানের সিদ্ধান্ত হয়েছে। এ সংক্রান্ত চিঠি সকল প্রতিষ্ঠানের ই-মেইলে প্রেরণ করা হয়েছে। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, শিক্ষার্থীদের ডেটাবেজ প্রস্তুত ও ইউনিক আইডি হলে কম সময়ের মধ্যেই শিক্ষার্থীদের সকল তথ্য জানা যাবে। | ব্যানবেইস কর্তৃক প্রেরিত কর্ম পরিকল্পনা অনুযায়ী সকল কাজ শেষ করতে হবে। শিক্ষার্থীদের ছবি, জন্ম নিবন্ধন সনদ, পিতা-মাতার এনআইডি কার্ডের কপিসহ যাবতীয় তথ্য সংগ্রহের জন্য প্রস্তুতি গ্রহণ করতে হবে। | প্রতিষ্ঠান প্রধানসহ সকল শিক্ষকবৃন্দ এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস |
| **৯।এমপিও সংক্রান্ত** | উপস্থিত সকলের সাথে নতুন এমপিও, উচ্চতর গ্রেড, বিভিন্ন সংশোধনী বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | সকলকে পরিপত্রের নির্দেশনা মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রতিষ্ঠান প্রধান |
| **১০। বিবিধ** | সকল প্রতিষ্ঠানে শিক্ষক-শিক্ষার্থীর জন্য ওয়ার্ল্ড ভিশন, ঘোড়াঘাট এডিপি হতে প্রাপ্ত হ্যান্ড স্যানিটাইজার বিতরণ করা হয়। | সকল শিক্ষক-শিক্ষার্থীদের পরিষ্কার পরিচ্ছন্নতার বিষয়ে সচেতন থাকতে হবে। | প্রতিষ্ঠান প্রধানসহ সকল শিক্ষকবৃন্দ |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ দিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৪/০৩/২০২১
(মো: আব্দুস সাত্তার সরকার)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
ঘোড়াঘাট, দিনাজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
ঘোড়াঘাট, দিনাজপুর।
seo.ghoraghat.dinajpur.gov.bd

স্মারক নং-উমাশিঅ/ঘোড়া/দিনাজ/২০২০/**৬২(৬০)**

তারিখ : ১০ চৈত্র, ১৪২৭ বঙ্গাব্দ
২৪ মার্চ, ২০২১ খ্রিস্টাব্দ

**অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে:**

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর।
৩। উপপরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর।
৪। জেলা শিক্ষা অফিসার, দিনাজপুর।
৫। উপজেলা নির্বাহী অফিসার, ঘোড়াঘাট, দিনাজপুর।
৬। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার, ....................... কলেজ/কারিগরি কলেজ/স্কুল এন্ড কলেজ/বিদ্যালয়/মাদ্রাসা, ঘোড়াঘাট, দিনাজপুর।
৭। অফিস নথি।

২৪/০৩/২০২১
(মো: আব্দুস সাত্তার সরকার)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
ঘোড়াঘাট, দিনাজপুর।